স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র

ভারতের ছাত্র ফেডারেশন

RECEIVED
(Contents Not Verified)
28 MAY 2025
Office of Vice Chancellor
University of Calcutta

কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা- ৭০০০১৪

প্রতি,
মাননীয়া উপাচার্য,
কলিকাতা বিশ্ববিদ্যালয়

তারিখ: ২৮/০৫/২০২৫

বিষয়: ইন্টিগ্রেটেড ই-মেল আইডি চালুর দাবীতে, প্রতি ক্যাম্পাসে স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন বসানোর দাবীতে, টেকনোলজি সায়েন্স ক্যাম্পাসে ন্যানো-টেক বিন্ডিং পুনরায় ব্যবহারযোগ্য করার দাবীতে ও উক্ত ক্যাম্পাসে ক্যান্টিন ইস্যু সমাধানের দাবীতে মেমোরেন্ডাম।

মাননীয়া,

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের জন্যে ইন্টিগ্রেটেড ই-মেল আইডি চালু আছে কিন্তু ছাত্রদের জন্যে কোনো নির্দিষ্ট ইন্টিগ্রেটেড ই-মেল আইডি নেই, সমস্যায় পড়তে হচ্ছে ছাত্র-ছাত্রীদের। বিশ্ববিদ্যালয়ে প্রতিটি ক্যাম্পাসে নেই স্যানিটারী ন্যাপকিন ভেন্ডিং মেশিনের ব্যবস্থা। ফলত, ছাত্রীদের বিভিন্ন সময়ে সমস্যার সম্মুখীন হতে হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের টেকনোলজি সায়েন্স ক্যাম্পাসের ন্যানো টেক বিল্ডিংটি দীর্ঘদিন ধরে অব্যবহারযোগ্য অবস্থায় পড়ে রয়েছে। টেকনোলজি ক্যাম্পাসের ছাত্রদের ক্লাসরুমের সংখ্যা কম থাকায় অনেকক্ষেত্রেই ক্লাস করতে সমস্যা হয়। ন্যানো-টেক বিল্ডিংটি পুনরায় ব্যবহার উপযোগী করে তোলা সম্ভব হলে টেকনোলজি ক্যাম্পাসে ক্লাসরুমের সংখ্যা বাড়বে, সুবিধে হবে ছাত্র-ছাত্রীদের। এছাড়াও টেকনোলজি সায়েন্স ক্যাম্পাসের ক্যান্টিনের সমস্যা নিয়ে ইতিমধ্যেই কর্তৃপক্ষকে অবগত করা হয়েছিল। প্রাসঙ্গিকভাবে খাবারের দাম কমানো, ন্যূনতম খাদ্যসামগ্রীর অভাব পরিলক্ষিত হচ্ছে। ক্যান্টিন ইস্যুতে সমস্যায় ভুগছে ছাত্র-ছাত্রীরা।

আমাদের দাবী, অবিলম্বে ইন্টিগ্রেটেড ই-মেল আইডি চালু করতে হবে, প্রতি ক্যাম্পাসে স্যানিটারী ন্যাপকিন ভেন্ডিং মেশিনের বন্দোবস্ত করতে হবে, টেক-ক্যাম্পাসে ন্যানোটেক বিল্ডিং পুনরায় চালু করতে হবেও উক্ত ক্যাম্পাসে ক্যান্টিন সমস্যার অবিলম্বে সমাধানের বন্দোবস্ত করতে হবে।

ধন্যবাদান্তে,

অজিত কুমার মণ্ডল
সম্পাদক, ভারতের ছাত্র ফেডারেশন, কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

প্রিয়াংকা মোচি
সভাপতি, ভারতের ছাত্র ফেডারেশন কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি